DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 14 Sep 2026, 01:22 PM

সারাদেশ

# আশুগঞ্জে স্কাফ সিরাপ ও গাঁজাসহ দুই মাদক কারবারি গ্রেপ্তার

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে পৃথক অভিযান চালিয়ে ১৮০ বোতল স্কাফ সিরাপ ও ২০ কেজি গাঁজাসহ দুই মাদক কারবারিকে গ্রেপ্তার করেছে পুলিশ।

সোমবার (১০ আগস্ট) ভোর ৪টা ৪৫ মিনিটে গোপন সংবাদের ভিত্তিতে আশুগঞ্জ থানা পুলিশের একটি বিশেষ দল টোলপ্লাজা এলাকায় অভিযান চালায়। এ সময় একটি পিকআপ ভ্যান আটক করে তল্লাশি চালিয়ে ১৮০ বোতল স্কাফ সিরাপ উদ্ধার করা হয়। এ ঘটনায় এক মাদক কারবারিকে গ্রেপ্তার করা হয়।

এরপর একই দিন সকাল ১১টা ২৫ মিনিটে একই এলাকায় আরেকটি অভিযান চালানো হয়। এ সময় একটি লাল রঙের প্রাইভেটকার আটক করে তল্লাশি চালিয়ে ২০ কেজি গাঁজা উদ্ধার করা হয়। এ ঘটনায় আরও একজনকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন সিলেটের গোয়াইনঘাট উপজেলার নলজুড়ি এলাকার রমজান আলীর ছেলে মো. দিলদার আহম্মদ এবং কিশোরগঞ্জের

ভৈরব উপজেলার কমলপুর এলাকার হুমায়ুন কবিরের ছেলে মো. হৃদয়।

জেলা পুলিশের মিডিয়া উইং থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

পুলিশ জানায়, এ ঘটনায় আশুগঞ্জ থানায় পৃথক দুটি মাদক মামলা করা হয়েছে।

---

## এ বিভাগের আরও খবর




**সার্ভার হ্যাক করে এনআইডি-সিডিআরসহ গোপন তথ্য সরবরাহ, যুবক গ্রেপ্তার**
নওগাঁর মান্দায় নির্বাচন কমিশনের সার্ভারে সংরক্ষিত নাগরিকদের ব্যক্তিগত ও গোপন তথ্য সংগ্রহ করে অর্থের বিনিময়ে সরবরাহের অভিযোগে মো. আব্দুস সালা...




**যৌতুকের জন্য গৃহবধূকে হত্যার অভিযোগ পরিবারের, গ্রেফতার দাবি**
নীলফামারীতে যৌতুকের জন্য নাছরিন নাহার (৩৫) নামে এক গৃহবধূকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে বলে অভিযোগ করেছে তাঁর পরিবার। এ ঘটনায় জড়িতদের দ্রু...



**হাইকোর্টের নির্দেশে ইসলামী রীতিতে শুভ চন্দ্রের দাফন সম্পন্ন**
অবশেষে হাইকোর্টের নির্দেশে ইসলামী রীতি অনুযায়ী দাফন করা হয়েছে ধর্মান্তরিত শুভ চন্দ্র দাস ওরফে মো. বিল্লালের মরদেহ। রোববার রাতে নারায়ণগঞ্জ নগ...



**পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার**

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/ashugnje-skaf-sirap-o-ganjash-dui-madk-karbari-greptar